দৈনিক বাংলা

তারিখ 12 MAY 1990
পৃষ্ঠা ... 7 কলাম ... 2

36

6/

## বিএফ এ পরীক্ষা স্থগিত : চারুকলা ইনস্টিট্যুটের ঘটনা তদন্তে কমিটি

॥ স্টাফ রিপোর্টার ॥

চারুকলা ইনস্টিটিউটের প্রাক ডিগ্রী বিএফএ কোর্সের ফাইনাল পরীক্ষা এক সপ্তাহের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। ১২ই মে থেকে এই পরীক্ষা অনুষ্ঠানের কথা ছিল।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চারুকলা ইনস্টিটিউটের ঘটনাবলী তদন্তের জন্য কলা অনুষদের ডীনকে সভাপতি করে একটি তদন্ত কমিটি গঠন করেছেন। কমিটিকে আগামী ১০

(শেষ পৃঃ ১—এর কঃ দ্রঃ)

## চারুকলা ইনস্টিট্যুটের

(প্রথম পৃঃ পর)

দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা উল্লেখ্য, ইনস্টিটিউটের ছাত্র খান মোহাম্মদ মাসুদের মৃত্যুকে কেন্দ্র করে বৃহস্পতিবার ইনস্টিটিউটে এক অপ্রীতিকর ঘটনার সৃষ্টি হয়।

নিহত ছাত্র মাসুদের স্মরণে আজ চারুকলা ইনস্টিটিউটের সকল ক্লাশ বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়েছে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা এ সম্পর্কে ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রীদের অভিযোগ শোনার জন্য প্রো-ভাইস চ্যান্সেলরকে দায়িত্ব দিয়েছেন।